মার্কেন্টাইল ব্যাংক পিএলসি

সুনামগঞ্জ শাখা, সুনামগঞ্জ

অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ১২(৩) ধারার বিধান মোতাবেক

বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি, সুনামগঞ্জ শাখা, সুনামগঞ্জ, জামান কমপ্লেক্স, হোল্ডি নং-৫২-০১, আরপিন নগর, ওয়ার্ড নং-৬, সুনামগঞ্জ পৌরসভা, থানা-সুনামগঞ্জ সদর, জেলা-সুনামগঞ্জ এর ঋণগ্রহীতা মেসার্স খলিল এন্টারপ্রাইজ, বর্তমান ঠিকানা: ঠিকানাঃ ৭২৬/১ মল্লিকপুর, সুনামগঞ্জ পৌরসভা, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ, স্বত্বাধিকারীঃ জনাব সাদ্দাম হোসেন, পিতাঃ মৃত সুরুজ মিয়া বেপারী, মাতা: মরিয়ম বিবি কর্তৃক বন্ধকীকৃত নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি বিগত ২৫/১০/২০২৬ ইং তারিখ পর্যন্ত সুদ আসল ও অন্যান্য খরচসহ অত্র ব্যাংকের মোট পাওনা টাকা ২৪,১০,১৮৭.১৭ (চব্বিশ লক্ষ দশ হাজার একশত সাতাশি টাকা সতেরো পয়সা) মাত্র এবং আদায় কালতক অনারোপিত সুদ ও অন্যান্য খরচ আদায়ের জন্য প্রদত্ত রেজিস্টার্ড আম-মোক্তারনামাবলে বিক্রয় করার লক্ষ্যে আগ্রহী ক্রেতাগণের নিকট হতে নিম্নোক্ত শর্তবলীতে দরপত্র আহবান করা যাচ্ছে।

নিলামের শর্তাবলীঃ

১. আগ্রহী দরদাতাগণকে তাঁর বা তাঁদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে আগামী ২৪.১১.২০২৬ ইং তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, প্রস্তাবিত দর অংকে ও কথায় লিখিয়া দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর 'সম্পত্তি ক্রয়ের দরপত্র' লিখিয়া অত্র শাখায় রক্ষিত বাক্সে দরপত্র জমা দিতে হবে এবং রেজিস্ট্রিকৃত ডাকে প্রেরিত দরপত্র উক্ত তারিখে নির্দিষ্ট সময়ের মধ্যে পৌছাতে হবে। ঐদিনই বিকাল ৩:৩০ ঘটিকায় ব্যাংক কর্তৃপক্ষ উপস্থিত দরপত্রদাতা বা তাদের প্রতিনিধির সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খুলবেন। দরপত্রে দরপত্রদাতার নাম, পিতা/মাতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন নং বা কোম্পানী/ফার্মের ক্ষেত্রে তার নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা উল্লেখ করতে হবে। নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্রদাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

২. প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব দশ লক্ষ টাকা হলে উহার ২০%, উদ্ধৃত দর দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর পঞ্চাশ লক্ষ টাকা অপেক্ষা অধিক হলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানতস্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে মার্কেন্টাইল ব্যাংক পিএলসি, সুনামগঞ্জ শাখা, সুনামগঞ্জ-এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৩. অনূর্ধ্ব দশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং পঞ্চাশ লক্ষ টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করতে হবে। ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানত বাজেয়াপ্ত করতে পারবে।

৪. উপরোক্ত অনুচ্ছেদ-৩ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং ২য় সর্বোচ্চ দরদাতার উদ্ধৃত মূল্য একত্রে সর্বোচ্চ দরদাতার উদ্ধৃত মূল্য অপেক্ষা কম না হলে কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি খরিদ করতে আহবান করতে পারবেন। ২য় সর্বোচ্চ দরদাতাকে অনুচ্ছেদ-৩ এ বর্ণিত সময়ের মধ্যে উদ্ধৃত দরের সমুদয় অর্থ পরিশোধ করতে হইবে, অন্যথায় ব্যাংক ২য় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত করতে পারবে।

৫. আগ্রহী দরদাতাগণ দরপত্র প্রদানের পূর্বে সংশ্লিষ্ট শাখায় রক্ষিত তফসিল বর্ণিত সম্পত্তির মালিকানা সংক্রান্ত দলিলাদি যাচাই-বাছাই করিতে পারবেন। দরপত্র দাখিলের পর মালিকানা বিষয়ক কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৬. মার্কেন্টাইল ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোনো দরপত্র গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

৭. কৃতকার্য দরদাতাকে সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচসহ ট্যাক্স ও অন্যান্য খরচাদি (সরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার পাওনা) বহন করতে হবে।

৮. দরপত্র জমা দেয়ার পরে বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, আকৃতি, প্রকৃতি, অবস্থান ও স্বত্বের দলিলপত্র সম্পর্কে দরদাতার কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৯. সফল দরদাতাকে অর্থঋণ আদালত আইন-২০০৩ এবং পরবর্তী সংশোধনী ২০০৭ মোতাবেক দখল প্রদান বা বুঝাইয়া দেওয়া হইবে।

১০. প্রয়োজনে নিলাম ক্রেতার অনুকূলে দখল হস্তান্তরের জন্য স্থানীয় অধিক্ষেত্রের জেলা ম্যাজিস্ট্রেটের মাধ্যমে আইনানুগ সহযোগিতা প্রদান করা হইবে। দখল সংক্রান্ত যাবতীয় খরচ নিলাম ক্রেতাকেই বহন করিতে হইবে।

বন্ধকীকৃত সম্পত্তির তফসিলঃ

তফসিলঃ জেলা: সুনামগঞ্জ, থানা: সুনামগঞ্জ সদর, মৌজা: উত্তর মল্লিকপুর, জেএল নং-এসএ-১৪৫, আরএস-৯৬, খতিয়ান নং-এসএ-৪৩, নামজারী-৪৩/৫, ৩৩০, আরএস (বুজারত)-৫৪৪, দাগ নং-এসএ-২৩২, ২৪০, আরএস-৩৯৫, ৩৯৬, জমির পরিমাণ-(০.০৭+০.১৩)=০.২০ একর (২০ শতক), যাহার চৌহদ্দিঃ উত্তরেঃ রফিকুল ইসলাম ও অন্যান্য, দক্ষিণেঃ হোসিয়ার আলী ও মাহমুদ আলী, পূর্বেঃ সবিতা রানী রায়, পশ্চিমেঃ আব্দুল করিম ও অন্যান্য এর আওতাভুক্ত ক্রয়কৃত জমি, উহার উপর নির্মিত এবং নির্মিতব্য যাবতীয় স্থাপনাদি (যদি থাকে)।

পক্ষে: এফএভিপি এবং শাখা প্রধান, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি, সুনামগঞ্জ শাখা সুনামগঞ্জ
ফোনঃ ০৯৬৭৮১৪২১৭০, মোবাইল: ০১৭৫৫-৫৩৩১৪৮।